**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 02-04-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) পূর্ব ত্রিপুরা লোকসভা আসনে ইন্ডিয়া জোট সমর্থিত সিপিআইএম প্রার্থী রাজেন্দ্র রিয়াং আজ ধলাইর জেলা শাসক সাজু ওহায়িদের কাছে মনোনয়ন পত্র জমা দিয়েছেন ।**

**(২) রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক পুনিত আগরওয়াল বলেছেন, নির্বাচনী প্রক্রিয়ায় তরুণদের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে ।**

**(৩) আসন্ন লোকসভা এবং কিছু রাজ্যে বিধানসভা নির্বাচনের সময় সতর্ক তদারকির জন্য নির্বাচন কমিশন আজ ছ'টি রাজ্যে বিশেষ পর্যবেক্ষক নিয়োগ করেছে ।**

**(৪) টিসিএ পরিচালিত সমীরণ চক্রবর্তী স্মৃতি ঘরোয়া টি-২০ ক্রিকেট প্রতিযোগিতা আজ থেকে শুরু হয়েছে ।**

**********************************************

**Nomination-East Tripura :**

পূর্ব ত্রিপুরা লোকসভা আসনে ইন্ডিয়া জোট সমর্থিত সিপিআইএম প্রার্থী রাজেন্দ্র রিয়াং আজ ধলাইর জেলা শাসক সাজু ওহায়িদের কাছে মনোনয়ন পত্র জমা দেন। মনোনয়নপত্র জমা দেবার আগে সিপিআইএম ধলাই জেলা কমিটির উদ্যোগে একটি মিছিল জেলা শাসকের অফিস পর্যন্ত যায়। পরে ধলাই জেলা সিপিআইএম জেলা সম্পাদক পঙ্কজ চক্রবর্তীর নেতৃত্বে প্রার্থী সহ পাঁচ জনের প্রতিনিধি দল জেলাশাসকের অফিসে যান এবং প্রার্থী রাজেন্দ্র রিয়াং জেলাশাসকের হাতে মনোনয়নপত্র তুলে দেন।

এর আগে আমবাসা রেলস্টেশন রোডে এক জমায়েতে বক্তব্য রাখেন বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী, বিধায়ক সুদীপ রায় বর্মন ও বিরজিৎ সিনহা, রাজ্য বামফ্রন্টের চেয়ারম্যান নারায়ন কর ও পূর্ব ত্রিপুরা লোকসভা আসনের সিপিআইএম প্রার্থী রাজেন্দ্র রিয়াং।

**************************

**SVEEP-CEO TRIPURA :**

রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক পুনিত আগরওয়াল বলেছেন, নির্বাচনী প্রক্রিয়ায় তরুণদের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। যুব সমাজকে ভোট দেওয়ার আবেদন জানিয়ে মুখ্য নির্বাচনী আধিকারীক বলেন, ভোটের দিন যে ছুটি দেওয়া হয়, তা নিছক অবসর কাটানোর কাজে ব্যবহার করা উচিত নয়। তিনি বলেন, তরুণ ভোটারদের উচিত তাদের পছন্দের যোগ্য প্রার্থীকে ভোট দেওয়া। আজ ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ে আয়োজিত সিস্টেমেটিক ভোটার এডুকেশন অ্যান্ড ইলেক্টোরাল পার্টিসিপেশন অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে মুখ্য নির্বাচনী আধিকারীক পুনিত আগরওয়াল একথা বলেন।

তিনি বলেন, একটি ভোট একটি এলাকার উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। তিনি ভোটারদের রাজনৈতিক দলগুলির যে কোনও প্ররোচনার শিকার হওয়া থেকে বিরত থাকার আহ্বান জানান।

মুখ্য নির্বাচনী আধিকারীক, তরুণ ভোটারদের নির্বাচনের সময় কোনও ভুল কাজ চোখে পড়লে সি-ভিজিল অ্যাপে অভিযোগ জানাতে বলেছেন। তিনি বলেন, সি-ভিজিলে অভিযোগ দায়ের করার সঙ্গে সঙ্গে ফ্লাইং স্কোয়াডের দল ঘটনাস্থলে পৌঁছাবে, অভিযোগটি পরীক্ষা করে দেখবে এবং দ্রুত ব্যবস্থা নেবে। শ্রী আগরওয়াল আরো বলেন, সংসদীয় নির্বাচনী প্রক্রিয়ায় জনগণের অংশগ্রহণকে আরও বৃদ্ধি করার লক্ষ্যে ভারতের নির্বাচন কমিশন ২০০৯ সাল থেকে এই কর্মসূচি আয়োজন করে আসছে। নির্বাচনী প্রক্রিয়ায় ধনী, দরিদ্র, ধর্ম, বর্ণ নির্বিশেষে সকলের ভোট দেওয়ার অধিকার রয়েছে। এই প্রক্রিয়ায় সামাজিক সমতা স্থাপিত হয়।

তিনি ছাত্রছাত্রীদের উদ্দেশ্যে নিজে ভোট দেওয়ার পাশাপাশি পাড়া প্রতিবেশী যারা ভোটদানে বিরত থাকেন তাদের ভোট প্রক্রিয়ায় অংশগ্রহণ করার জন্য উৎসাহিত করতে আহ্বান জানান। অনুষ্ঠানে 'আমি ভারতের ভোটদাতা' শীর্ষক এক তথ্যচিত্র প্রদর্শন করা হয়।

কর্মসূচিতে ছাত্রছাত্রীদের নিয়ে একটি ওপেন ক্যুইজ অনুষ্ঠিত হয়। অতিথিগণ ত্রিপুরা পশ্চিম সংসদীয় আসনের জন্য পতাকা নাড়িয়ে একটি প্রচার গাড়ির যাত্রার সূচনা করেন।

অনুষ্ঠানে পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনের রিটার্নিং অফিসার তথা জেলা শাসক ডাঃ বিশাল কুমার, ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য গঙ্গা প্রসাদ প্রসেইন, ত্রিপুরায় নির্বাচন দপ্তরের আইকন দীপা কর্মকার সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

******************************

**Genaral Observer-Belonia :**

পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনে কেন্দ্রের সাধারণ পর্যবেক্ষক ভূপেশ চৌধুরী আজ বিলোনিয়া সফর করেন। সফরকালে তিনি দক্ষিণ জেলায় পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনের নির্বাচনের প্রস্তুতি খতিয়ে দেখেন। তিনি বিলোনিয়ার অগ্নিবীনা হলে মাইক্রো অবজারভারদের প্রশিক্ষণ কর্মসূচিতে অংশ নিয়ে পরে বিলোনিয়া দ্বাদশ শ্রেনী বালিকা বিদ্যালয়ে রাজনগর ও বিলোনীয়া বিধানসভা কেন্দ্রের স্ট্রং রুম দুইটিও পরিদর্শন কারন। পরিদর্শনকালে পর্যবেক্ষকের সঙ্গে ছিলেন জেলা নির্বাচনী আধিকারি সিদ্ধার্থ শিব জয়সওয়াল। বিলোনিয়া সার্কিট হাউসে পর্যবেক্ষক ভূপেশ চৌধুরী এই সভায় বিভিন্ন রাজনৈতিক দলগুলির প্রতিনিধিদের উপস্থিতিতে সর্বদলীয় সভায় অংশ নেন। এই সভায় সিপিআইএম, কংগ্রেস, বিজেপি ও তিপ্রামথা দলের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। সর্ব দলীয় বৈঠকে পশ্চিম ত্রিপুরা লোকসভা কেন্দ্রের পুলিশ পর্যবেক্ষক আর শিবকুমারও উপস্থিত ছিলেন। এই বৈঠকে সাধারণ পর্যবেক্ষক শ্রী চৌধুরী নির্বাচন শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে সব রাজনৈতিক দলের সহযোগিতা কামনা করেন। তিনি নির্বাচনী পর্যবেক্ষক নির্বাচনী আচরনবিধি ভঙ্গের কোন অভিযোগ থাকলে তা সি - ভিজিল অ্যাপে আপলোড করার পরামর্শ দেন।

*****************************

**Election-CPF :**

আসন্ন লোকসভা নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করতে রাজ্যে আগামীকালের মধ্যে আরও ১৩ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী এসে পৌঁছুবে। এদের মধ্যে রয়েছে বিএসএফ এবং সিআরপিএফ। সব মিলিয়ে এখন পর্যন্ত রাজ্যে নির্বাচনে নিরাপত্তার কাজের জন্য ৮৩ কোম্পানি কেন্দ্রীয় বাহিনীকে মোতায়েন করা হয়েছে। তাছাড়া আইনশৃঙ্খলার শান্তিপূর্ণ রাখার জন্য রাজ্যের বিভিন্ন স্থানের টিএসআর এবং পুলিশকেও মোতায়ন করা হয়েছে।

***************************

**B L Santosh :**

আগরতলায় বিজেপি নির্বাচনী কার্যালয়ে আজ এক সাংগঠনিক বৈঠক অনুষ্ঠিত হয়। এই বৈঠকে লোকসভা নির্বাচনে দলের প্রস্তুতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, কৃষিমন্ত্রী রতন লাল নাথ, অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়, বিজেপি'র সর্বভারতীয় সাংগঠনিক সাধারন সম্পাদক বি এল সন্তোষ, প্রদেশ বিজেপি সভাপতি রাজীব ভট্টাচার্য ও পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনের বিজেপি প্রার্থী সাংসদ বিপ্লব কুমার দেব।

****************************

**ECI :**

আসন্ন লোকসভা এবং কিছু রাজ্যে বিধানসভা নির্বাচনের সময় সতর্ক তদারকির জন্য নির্বাচন কমিশন আজ ছ'টি রাজ্যে বিশেষ পর্যবেক্ষক নিয়োগ করেছে। রাজ্যগুলি হল পশ্চিমবঙ্গ, উত্তরপ্রদেশ, মহারাষ্ট্র এবং বিহার যেখানে জনসংখ্যা সাত কোটিরও বেশি এবং অন্ধ্রপ্রদেশ ও ওড়িশা যেখানে একই সঙ্গে বিধানসভা নির্বাচন অনুষ্ঠিত হবে।

গণতান্ত্রিক প্রক্রিয়াকে বিপর্যস্ত করার যেকোনো প্রচেষ্টা প্রতিরোধ করা এবং সর্বত্র সুষ্ঠু ভোটগ্রহণ নিশ্চিত করার লক্ষ্যে

বিশেষ পর্যবেক্ষকদের কর্মী, নিরাপত্তা বাহিনী এবং ভোটিং মেশিনের রেন্ডমাইজেশন তত্বাবধানের গুরুত্বপূর্ণ দায়িত্ব দেয়া হয়েছে। পর্যবেক্ষকরা সংশ্লিষ্ট রাজ্যের সদর দফতরে অবস্থান করবেন এবং প্রয়োজনে সংবেদনশীল এলাকায় যাবেন। তারা পরিস্থিতির ওপর নজর রাখবেন এবং পর্যবেক্ষণ কার্যক্রমের সঙ্গে জড়িত বিভিন্ন সংস্থার আঞ্চলিক প্রধান ও নোডাল অফিসারদের সঙ্গে সমন্বয় রক্ষা করে কাজ করবেন।

বিশেষ পর্যবেক্ষকরা সীমান্ত এলাকায় বিশেষ নজর দেবেন।

******************************

**ECI, transfer :**

নির্বাচন কমিশন পাঁচ রাজ্যের ৮ জন জেলাশাসক এবং ১২ জন পুলিশ সুপারকে বদলি করেছে।

কমিশন আজ আসাম, বিহার, ঝাড়খন্ড, ওড়িশা এবং অন্ধ্র প্রদেশের জেলাশাসক, পুলিশ সুপার, ডি আই জি এবং আইজি পদমর্যাদার কর্মকর্তাদের বদলির আদেশ জারি করেছে।

*************************

**Ashokashtami Mela-UNAKOTI :**

কৈলাশহরে অবস্থিত প্রত্নভূমি ঊনকোটি তীর্থস্থানে আসন্ন ঐতিহ্যবাহী অশোকাষ্টমী উপলক্ষ্যে মেলা করার লক্ষ্যে প্রশাসনিকস্তরে প্রস্তুতি শুরু হয়েছে। আগামী পনেরো ও ষোল-ই এপ্রিল দু'দিনব্যাপী অশোকাষ্টমী মেলা অনুষ্ঠিত হবে। নির্বাচনী আদর্শ আচরণবিধিকে পুরোপুরি মান্যতা দিয়ে এবছর মেলার আয়োজন করা হচ্ছে। কৈলাশহর মহকুমা শাসকের অফিসে আজ মেলার প্রস্তুতি বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে উপস্থিত ছিলেন, কৈলাশহরের মহকুমা শাসক প্রদীপ সরকার, অতিরিক্ত মহকুমা শাসক নবকুমার জমাতিয়া সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকরা। কৈলাশহর মহকুমা প্রশাসনের উপ-সমাহর্তা মতিরঞ্জন দেববর্মা জানান, মেলায় পূর্ণার্থী-দর্শনার্থীদের জন্য থাকবে

সাংস্কৃতিক অনুষ্ঠান। পূর্ণার্থীরা অশোকাষ্টমীতে ঊনকোটির পবিত্র সীতাকুণ্ডে পূণ্য অবগাহন করতে পারেন তার বন্দোবস্ত থাকবে বলে তিনি জানান।

*****************************

**ECI, Myth vs Reality :**

নির্বাচন কমিশন আসন্ন সাধারণ নির্বাচনে ভুল তথ্যের প্রচার রোধে "Myth vs Reality" বা অবাস্তব গল্প বনাম বাস্তবতা রেজিস্টার চালু করেছে। কমিশন জানিয়েছে যে এই প্ল্যাটফর্মটি তথ্য যাচাই করতে, ভুল তথ্যের বিস্তার রোধ করতে, ভুয়ো তথ্য নাকচ করতে এবং বিভিন্ন তথ্য সম্পর্কে অবগত থাকার জন্য ব্যবহার করা যাবে। এই রেজিস্টারটি ইতিমধ্যেই নির্বাচন সংক্রান্ত জাল তথ্য, সামাজিক মাধ্যমে প্রচারিত অবাস্তব গল্প গুরুত্বপূর্ণ বিষয়ের উপর প্রায়শঃই জিজ্ঞাসিত প্রশ্নাবলী সম্পর্কে সমস্ত অংশীদারদের বিভিন্ন তথ্য সরবরাহ করেছে। রেজিস্টারটি নিয়মিত আপডেট করা হবে। নির্বাচন কমিশনের অফিসিয়াল ওয়েবসাইটের মাধ্যমে জনসাধারণ এটি ব্যবহার করতে পারবেন।

************************

**BJP–Khowai :**

পূর্ব ত্রিপুরা আসনের বিজেপি প্রার্থী কৃতি সিং দেববর্মাকে নিয়ে দলের কর্মী সমর্থকরা আজ খোয়াই শহরে একটি পদযাত্রা করে। তাতে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা, বনমন্ত্রী অনিমেষ দেববর্মা।

**************************

**Rally :**

লোকসভা নির্বাচনে নতুন ভোটারদের ভোটদানে অনুপ্রাণিত করতে আজ বাণিবিদ্যা পীঠ বালিকা বিদ্যালয়ের এন এস এস ইউনিটের উদ্যোগে এক সচেতনতা মূলক রেলির আয়োজন করা হয়। রেলিটি আগরতলা শহরের পথ পরিক্রমা করে।

******************************

**BJP at Kalyanpur :**

বিজেপি' দলের তরফে আজ কল্যাণপুর লোটাস কমিউনিটি হলে এক নির্বাচনী সভার আয়োজন করা হয়। ওই সভায় কল্যাণপুরের বিশিষ্ট নাগরিকদের সঙ্গে মত বিনিময় করেন দলের বরিষ্ঠ নেতা তথা মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন ক্রীড়া ও যুব কল্যাণ মন্ত্রী টিংকু রায়, জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা, বনমন্ত্রী অনিমেষ দেববর্মা প্রমুখ।

****************************

**Arrest by GRP :**

বিএসএফ এবং জিআরপি যৌথ অভিযান চালিয়ে আজ আগরতলা রেল ষ্টেশনে এক মহিলা আন্তর্জাতিক মানব পাচারকারীকে আটক করে। আগরতলা জিআরপি থানার পুলিশ জানিয়েছে, ঐ মহিলার বিরুদ্ধে বাংলাদেশি ও রোহিঙ্গাদের বেআইনিভাবে ভারতে প্রবেশ করানোর অভিযোগ রয়েছে।

************************

**Detain of Bangladeshi :**

লেফুঙ্গা থানার পুলিশ গতকাল গভীর রাতে তালতলা থেকে দুই বাংলাদেশি সহ এক মানব পাচারকারীকে গ্রেপ্তার করেছে। লেফুঙ্গা থানার ওসি সহদেব দাস জানান, ধৃতদের আজ আদালতে হাজির করা হয়।

*************************

**Rally of BJP :**

পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনে বিজেপি প্রার্থী বিপ্লব কুমার দেবের সমর্থনে একটি মিছিল আজ আগরতলা বিধানসভা কেন্দ্রের বিভিন্ন পথ পরিক্রমা করে। উপস্থিত ছিলেন বিজেপির সহ-সভানেত্রী পাপিয়া দত্ত ও পুরো নিগমের বিভিন্ন ওয়ার্ডের কর্পোরেটরগণ।

**************************

**India Alliance-Melaghar :**

লোকসভা নির্বাচনকে সামনে রেখে সিপাহীজলা জেলায়ও বিভিন্ন রাজনৈতিক দলের ভোটপ্রচার জমে উঠেছে। পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনে ইন্ডিয়া জোট সমর্থিত কংগ্রেস প্রার্থী আশীষ কুমার সাহার সমর্থনে আজ মেলাঘরে মিছিল ও সভা অনুষ্ঠিত হয়। সভায় বক্তব্য রাখেন প্রাক্তন মন্ত্রী ভানুলাল সাহা, মানিক দে, বিধায়ক শ্যামল চক্রবর্তী, জেলা কংগ্রেস সভাপতি দীপক চক্রবর্তী, ও কংগ্রেস প্রার্থী আশীষ কুমার সাহা।

**************************

**Ex service man :**

ভারতীয় সেনাবাহিনীর অবসরপ্রাপ্তদের নিয়ে আজ লিচুবাগানে আর্মি ক্যাম্পে রেড শিল্ড ডিভিশনের উদ্যোগে এক সভার আয়োজন করা হয়। সভায় আলোচনা করেন রেড শিল্ড ডিভিশনের ডিজি এসএস কার্তিকেয় সৈনিক বোর্ডের অধিকর্তা জে পি তিওয়ারি। শ্রী কার্তিকেয় বলেন, পেনশনার এবং তাদের পরিবারের সদস্যরা অবসরকালীন সুযোগ সুবিধাগুলি যাতে দ্রুত পায় এই বিষয় লক্ষ্য রাখা হচ্ছে।

**************************

**T-20 Cricket :**

টিসিএ পরিচালিত সমীরণ চক্রবর্তী স্মৃতি ঘরোয়া টি-২০ ক্রিকেট প্রতিযোগিতা আজ থেকে শুরু হয়েছে। প্রথম দিনে বিভিন্ন মাঠে পাঁচটি খেলা অনুষ্ঠিত হয়। নরসিংগড়ের পিটিএ মাঠে দুটি খেলায় সংহতি ক্লাব ৬ উইকেটে চলমান সংঘকে এবং জয়নগর ক্রিকেট ক্লাব ৪৫ রানে স্ফুলিঙ্গ ক্লাবকে পরাজিত করে। নরসিংগড়ের টিআইটি মাঠে দুটি খেলায় কসমোপলিটান ক্লাব ৬ উইকেটে মৌচাক ক্লাবকে এবং ব্লাডমাউথ ক্লাব ৩৭ রানে বনমালীপুর ক্রিকেট ক্লাবকে হারিয়ে দেয়। এম বি বি স্টেডিয়ামে অপর খেলায় ইউনাইটেড বি এস টি ৬ উইকেটে পোলস্টার ক্লাবকে হারিয়ে দেয়। আসরে মোট

১৪টি দল অংশ নিয়েছে। গ্রুপ লিগ কাম নকআউট পদ্ধতিতে চ্যাম্পিয়নশীপের ফয়সলা হবে।

**********************************

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। দুয়েক জায়গায় বজ্র বিদ্যুত সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তাপমাত্রা সর্বোচ্চ পঁয়ত্রিশ ডিগ্রী এবং সর্বনিম্ন ছাব্বিশ ডিগ্রী সেলসিয়াস। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল পঁয়ত্রিশ দশমিক পাঁচ ডিগ্রী এবং সর্বনিম্ন ছাব্বিশ দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস। আগামী চব্বিশ ঘন্টায় রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুত সহ বৃষ্টি সঙ্গে ঘন্টায় ত্রিশ থেকে চল্লিশ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর।

**************************